বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর-৩২

তারিখঃ আশ্বিন ২৮, ১৪৩২
অক্টোবর ১৩, ২০২৫

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**১৪৪৭ হিজরি/২০২৬ সনের হজ মৌসুমে হজযাত্রীর সৌদি পর্বের ব্যয়ের অর্থ IBAN হিসাবে প্রেরণের অনুমতি প্রদান প্রসঙ্গে**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অক্টোবর ০৭, ২০২৫ তারিখের স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪ (অংশ)-১১১৩ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

০২। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে হিজরি ১৪৪৭/২০২৬ সনের হজে সরকারি ও বেসরকারি মাধ্যমের হজযাত্রীদের সৌদি পর্বের ব্যয়ের প্রয়োজনীয় অর্থ সোনালী ব্যাংকসহ হজ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের মাধ্যমে IBAN হিসাবে প্রেরণের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হলো।

০৩। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সর্ম্পকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোনঃ ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪(অংশ)-১১১৩

তারিখ : ২২ আশ্বিন ১৪৩২ / ০৭ অক্টোবর ২০২৫

বিষয়: **১৪৪৭ হিজরি/২০২৬ সনের হজ মৌসুমে হজযাত্রীর সৌদি পর্বের ব্যয়ের অর্থ IBAN হিসাবে প্রেরণের অনুমতি প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকারের ঘোষিত রোডম্যাপ অনুযায়ী হিজরি ১৪৪৭/ ২০২৬ সনের হজে হজযাত্রীর নিবন্ধন কার্যক্রম আগামী ১২ অক্টোবর ২০২৫ তারিখে শেষ হবে। উক্ত সময়ের পর নিবন্ধিত সকল হজযাত্রীর সৌদি পর্বের ব্যয়ের অর্থ সোনালী ব্যাংকের স্থানীয় কার্যালয় শাখা এবং রমনা কর্পোরেট শাখায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত নির্দিষ্ট ব্যাংক হিসাবের মাধ্যমে সৌদি আরবে প্রেরণ করতে হবে। এছাড়াও, বেসরকারি মাধ্যমে হজযাত্রীদের জন্য উন্নত প্যাকেজের হোটেল ভাড়া এবং মাশায়ের ও পরিবহন চুক্তির জন্য স্ব-স্ব হজ এজেন্সি কর্তৃক হজ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের মাধ্যমে সৌদি আরবে তাদের IBAN হিসাবে সরাসরি অর্থ প্রেরণ করতে হবে।

০২। হিজরি ১৪৪৭/ ২০২৬ সনের হজে রাজকীয় সৌদি সরকার ঘোষিত রোডম্যাপ অনুযায়ী হজযাত্রীগণের আবাসনের ব্যবস্থা গ্রহণ, মিনা-আরাফায় তাঁবু বুকিং নিশ্চিতকরণ, সার্ভিস কোম্পানির সাথে চুক্তি সম্পাদনসহ যাবতীয় ব্যয় নির্বাহের লক্ষ্যে নির্দিষ্ট সময়ের মধ্যে সৌদি পর্বের ব্যয়ের অর্থ জরুরি ভিত্তিতে প্রেরণ করা প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে হিজরি ১৪৪৭/ ২০২৬ সনের হজে **সরকারি ও বেসরকারি মাধ্যমের** হজযাত্রীদের সৌদি পর্বের ব্যয়ের প্রয়োজনীয় অর্থ সোনালী ব্যাংকসহ হজ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের মাধ্যমে সৌদি আরবে প্রেরণের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, সরকার ঘোষিত ২০২৬ সনের হজ প্যাকেজ অনুযায়ী হজযাত্রী প্রতি সৌদি পর্বের ব্যয় সর্বোচ্চ ৫,১৯,৪৭৩.৪৭ টাকা এবং সর্বনিম্ন ৩,০০,৭৯৭.৬০ টাকা। বেসরকারি মাধ্যমে বিশেষ হজ প্যাকেজে হজযাত্রী প্রতি সৌদি পর্বের ব্যয় উল্লিখিত সর্বোচ্চ পরিমাণ অর্থের বেশি হবে।

০৪। **বিষয়টি অতীব জরুরি।**

০৭/১০/২০২৫
মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
e-mail: hajj_sec1@mora.gov.bd

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪(অংশ)-১১১৩

তারিখ : ২২ আশ্বিন ১৪৩২ / ০৭ অক্টোবর ২০২৫

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক পিএলসি, মতিঝিল, ঢাকা।
৫. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৭. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
৮. ব্যবস্থাপনা পরিচালক, ................................................................ হজ কার্যক্রমে সম্পৃক্ত বাণিজ্যিক ব্যাংক, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)
১২. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার, .................... ২০২৬ সনের হজ কার্যক্রম পরিচালনাকারী সকল হজ এজেন্সি
১৩. অফিস কপি।

০৭/১০/২০২৫
মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব